এ প্রশ্নে শুধু বালিকা নয়, সোচ্চারে, নিরুচ্চারে বহু মানুষেরই মনের কথা। ভারতবর্ষীয় রাষ্ট্রনায়কেরা অবশ্য একটা সামকোত্তায় অনেক কাল আগেই এসেছেন। সেইমত তাকে বললাম, রবীন্দ্রনাথের “জনগণ মন অধিনায়ক” হল জাতীয় সংগীত আর বঙ্কিমচন্দ্রের “বন্দেমাতরম” -কে বলা হয় জাতীয় গান। (নাকি জাতীয় মন্ত্র)? প্রথমটিকে ইংরেজিতে বলে ন্যাশানাল-অ্যান্টেম, অন্যটিকে ন্যাশনাল-সং। বালিকা সন্তুষ্ট হয়না। সঙ্গীত মানেই তো গান। তাহলে কিসে তারা আলাদা? এই আপাত নিরীহ প্রশ্নের ভেতরে কত যে জটিলতা রয়ে গেছে, সে কথা বালিকা জানেনা, আমরাও এ বিষয়টি সযত্নে এড়িয়ে চলি। দুটি গানই রচিত হয় পরাধীন ভারতবর্ষে। বঙ্গদর্শন পত্রিকায় “বন্দেমাতরম” গানটির প্রথম প্রকাশের সময় নিয়ে বিভিন্ন গবেষকের মধ্যে সময়ের ফারাক প্রায় দু-তিন বছর। সম্প্রতি নৈহাটির বঙ্কিম গবেষণা কেন্দ্র পরিচালিত বঙ্গদর্শন পত্রিকায় বিভিন্ন প্রাপ্ত তথ্যের আলোয় এবং সম্যক গবেষণার ভিত্তিতে প্রকাশ পেয়েছে এই গানের রচনাকাল ১৮৭৪ সালের অক্টোবর মাস। অর্থাৎ আগামী বছর “বন্দেমাতরম” গান রচনার সার্থ শতবর্ষ পূর্ণ হচ্ছে। যদিও “বন্দেমাতরম” রচনার সাত বছর পরে ১৮৮১ সালের জুলাই মাসে বঙ্গদর্শন পত্রিকায় “আনন্দমঠ” উপন্যাসে স্বদেশীয় ভাবনার বীজমন্ত্র হিসেবে এই গান স্থান পায়। রবীন্দ্রনাথের “জনগণ মন অধিনায়ক” গানটি ১৯১১-র ২৭ শে ডিসেম্বর কলকাতায় ভারতীয় জাতীয় কংগ্রেসের ২৬ তম বার্ষিক অধিবেশনে সমবেত কণ্ঠে প্রথম গাওয়া হয়। পরের বছর আদি ব্রহ্মসমাজের মুখপত্র তত্ত্ববোধিনী পত্রিকার জানুয়ারী ১৯১২ সংখ্যায় (মাঘ, ৮২২ তম সংখ্যা) “ভারত-বিধাতা” শিরোনামে এই গানটি প্রকাশিত হয়। সেই একই সংখ্যায় রবীন্দ্রনাথের “ধর্মশিক্ষা” শিরোনামে আরেকটি লেখাও প্রকাশিত হয়েছিল।

ভারত স্বাধীন হবার আগে কোন জাতীয় সংগীত নির্বাচিত হয়নি। ১৯৪৭ সালে স্বাধীনতা প্রাপ্তির পর জাতীয়সঙ্ঘের আহ্বানে জাতীয় সংগীত হিসেবে সমকালের সরকারী প্রতিনিধিবৃন্দ “জনগণ মন অধিনায়ক” এর পক্ষে সুপারিশ করেন। আর ১৯৫০ সালের ২৪শে জানুয়ারী, ভারতের গণ পরিষদ এর সুপারিশে “বন্দেমাতরম” হল জাতীয় গান আর ভারতের প্রথম রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদের বিবৃতি অনুযায়ী, এ গান ভারতের জাতীয় সংগীতের সঙ্গে সম মর্যাদায় সম্মানীয়। দু-ধরনের গানের মধ্যে ফারাক বোঝা সবার কাছে হয়তো সহজসাধ্য নয়। তবে অতি সরল ভাবে বলতে হলে, জাতীয় গান হল এমন এক দেশাত্মবোধক গান অথবা স্তোত্র যা রাষ্ট্রের অনুমোদনে সর্বসাধারণের সভায় গাওয়া হতে পারে। আর জাতীয় সংগীত, একই সঙ্গে দেশের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য, ইতিহাস, সংগ্রামের বার্তা দিয়ে থাকে।

“বন্দেমাতরম” জাতীয় সংগীতের আখ্যা পায়নি বটে, কিন্তু পরাবীন ভারতের স্বাধীনতা-সংগ্রামের আন্দোলনে এ গান ছিল স্বদেশীদের মন্ত্র, আত্মার উদ্দীপনের উৎস। এ গানের ইংরেজী অনুবাদ করেছেন শ্রী অরবিন্দ ১৯০৭ সালে, আর তারও আগে, বঙ্কিমের জীবদ্দশায় বাবা ড. কৃষ্ণধন ঘোষ ১৮৮৮ সালে। ১৯০৬ সালের সেপ্টেম্বর মাসে কংগ্রেসের অধিবেশনে এ গান জাতীয় সংগীত হিসেবে গীত হয়ে তীব্র উদ্দাদনা সৃষ্টি করে থাকলেও দেশের মুসলমান সম্প্রদায়ের কিছু অভিমাত্রী মানুষ এ গানকে আশ্রয় করাতে অনীহা প্রকাশ করেছিলেন। বঙ্কিমচন্দ্র তাঁর গানে যতই দেশের নিসর্গ-প্রকৃতির উচ্ছ্বাসিত প্রশংসা ও দেশের প্রতি অকৃত্রিম ভালবাসা প্রকাশ করে থাকুন, অস্বীকার করা যায়না এ গানের মধ্যে তিনি সরাসরি দেবী দুর্গাকে সম্বোধন করে প্রণতি জানিয়েছেন। বস্তুত দেশকে মাতৃভাবে বন্দনা করার ধারণা তিনিই প্রথম দিয়েছিলেন (অরবিন্দের ভাষায় “ডিশন অফ আ মাদার”)। আর রবীন্দ্রনাথ নিজেও একদা পুত্র রথীন্দ্রনাথকে চিঠিতে লিখেছিলেন, “আমাদের বন্দেমাতরম মন্ত্র বাঙলা দেশের বন্দনামন্ত্র নয় -এ হচ্ছে বিশ্বমাতার বন্দনা --- সেই বন্দনার গান আজ যদি আমরা প্রথম উচ্চারণ করি তবে আগামী ভাবী যুগে একে একে সমস্ত দেশে এই মন্ত্র ধ্বনিত হয়ে উঠবে”। এই ভাবনার প্রতিফলন ঘটেছে তাঁর নিজের লেখা গানে “একই সূত্রে বাঁধিয়াছি সহস্র জীবন, ---- বন্দে মাতরম্, বন্দে মাতরম্”।

১৯৩৭ সালে “বন্দেমাতরম” ইসলাম বিরোধী এই মত চতুর্দিকে ছড়িয়ে পড়ল। সে বিষয়ে রবীন্দ্রনাথের মত চাওয়া হলে তিনি ১৯ অক্টোবর সুভাষচন্দ্র বসুকে চিঠিতে অকপটে নিজের মত প্রকাশ করে বলেছিলেন, এ গানে স্বদেশকে দশভুজামূর্তি রূপে কল্পনা করা কোন মুসলমান স্বীকার করতে পারেনা। মুসলমানদের গৌড়ামি আর হিন্দুদের অন্যায় আবাদার কোনটিই গ্রহণযোগ্য হতে পারেনা। তাঁর মতে ভারতের জাতীয় সংগীতে সমস্ত সম্প্রদায়, ধর্মের মানুষের সংযোগ থাকা দরকার। সেই দৃষ্টিতে তিনি প্রথম দুটি স্তবকের গ্রহণযোগ্যতা মেনে নেন।

কিন্তু প্রশ্ন একটা থেকেই যায়। বঙ্কিমচন্দ্র তাঁর স্বদেশ ভাবনার অপূর্ণ দশভুজা অপার শক্তিময়ী মাতৃমূর্তির কল্পনা করেছিলেন। রবীন্দ্রনাথের অনেক দেশাত্মবোধক গানেও তো মাতৃমূর্তির আভাস যথেষ্ট ভাবেই রয়ে গেছে। “জন গণ মন” গানের একটি স্তবকে তিনি নিজেও ভারতবিধাতাকে “ঘোর তিমিরঘন নিবিড় নিশীথে পীড়িত মূর্ছিত দেশে --- দুঃস্বপ্নে আতঙ্কে এক “স্নেহময়ী মাতার” রূপে কল্পনা কি করেন নি?

তবু বঙ্কিমচন্দ্রের পৌত্তলিকতা-ই অনেকের বিরোধের কারণ হয়েছিল। অথচ, যে কোন দেশাত্মবোধক গান অথবা জাতীয় সংগীত দেশের সুখে-দুঃখে সম্পদে বিপদের মুহূর্তে জনগণের মনে আশা ও শক্তি সঞ্চার করে, যা বন্দেমাতরমের মধ্যে ছিল। জাতীয় সংগীতের উপাদানে থাকতেই পারে, দেশের ঐশ্বর্য বর্ণনা এবং দেশের বীর নায়কদের বীরত্বগাথা। আমাদের দেশে বাঙলা ভাষায় দ্বিজেন্দ্রলাল, রজনীকান্ত, রঙ্গলাল, অতুলপ্রসাদ, কাজী নজরুল, মুকুন্দদাস, ইকবাল, পন্ডিত রামভঙ্গ দত্তচৌধুরি প্রমুখ কবি ও গীতিকার প্রচুর দেশাত্মবোধক গান রচনা করেন। বিশেষত দ্বিজেন্দ্রলালের “ধনধান্যপুষ্প-ভরা আমাদের এই বসুন্ধরা” গানটির মধ্যেও জাতীয় সংগীত হবার বিচিত্র উপকরণ রয়ে গেছে। এ প্রসঙ্গে সরলাদেবী চৌধুরাণীর লেখা “নমো হিন্দুস্থান” গানটিও উল্লেখের দাবী রাখে।

তবে এই সব অজস্র তথ্যের মধ্যে হারিয়ে গেছে একটি বিশেষ তথ্য। দেশের প্রথম জাতীয় সংগীতটি রচনা করেন মহর্ষি দেবেন্দ্রনাথের মধ্যম পুত্র, ব্রিটিশ অধিকৃত ভারতের প্রথম আই সি এস সত্যেন্দ্রনাথ ঠাকুর। ছোটভাই, বিখ্যাত কবি রবীন্দ্রনাথের খ্যাতির উজ্জ্বল ছটায় হারিয়ে গেছে সময়কালে তাঁর অসামান্য কৃতিত্ব।

উনিশ শতকের মাঝামাঝি সময়ে বাংলার কিছু স্বদেশানুরাগী মানুষের উদ্যমে সাধারণ মানুষের মধ্যে দেশাত্মবোধের উদ্ভাস ও স্বজাতির উন্নতির তাগিদে জাতীয় মেলা বা ‘হিন্দুমেলা’ প্রতিষ্ঠা করা হয়। এই জাতীয় মেলা থেকেই ছন্দ ও সুরে দেশমাতৃকার প্রশস্তি শুরু হয়, উৎপত্তি হয় জাতীয় সংগীতের। ১৮৬৮ সালে জাতীয় মেলার দ্বিতীয় অধিবেশনে পরাবীন ভারতের এই রাজ-কর্মচারী সত্যেন্দ্রনাথ ঠাকুরের লেখা গান “মিলে সব ভারত সন্তান”, পরিবেশিত হয়। কয়েক বছর পরে ১৮৭৩ সালের মার্চ-এপ্রিল মাসে শ্রী অরবিন্দের মাতামহ রাজনারায়ণ বসুর লেখা ‘হিন্দুধর্মের শ্রেষ্ঠতা’ গ্রন্থটি নিয়ে বঙ্গদর্শনে আলোচনা করার সময় বঙ্কিমচন্দ্র স্বয়ং এই গানের উচ্ছ্বাসিত প্রশংসা করে লিখেছিলেন, “এই বিংশতি কোটি ভারতবাসীর হৃদয়তন্ত্র ইহার সঙ্গে বাজিতে থাকুক”। অর্থাৎ বন্দেমাতরম গানের ভাবী অষ্টা স্বয়ং তাঁর



অনুজ উচ্চপদস্থ রাজকর্মচারীটির সংগীত রচনার প্রশংসায় মুগ্ধ হয়েছিলেন। স্বীকার করতেই হয়, পরাধীন দেশের উচ্চপদস্থ রাজকর্মচারী হয়েও অকুতোভয়ে স্বদেশের শ্রেষ্ঠত্ব প্রমাণে প্রয়াসী হয়েছিলেন সত্যেন্দ্রনাথ। যুগপৎ দেশীয় ও পাশ্চাত্য ভাবধারায় লালিত মানুষটি যেমন গানটি সমবেত ভাবে পরিবেশন করার যেমন ইঙ্গিত দিয়েছেন, তেমনি প্রতিটি স্তবকের শেষে সোচ্চারে ঘোষণা করেছেন, “হোক ভারতের জয়, জয় ভারতের জয়, কি ভয় কি ভয়, গাও ভারতের জয়”।

সে যুগের ঘরকুনো বাঙালিদের মধ্যে সত্যেন্দ্রনাথ ছিলেন এক আশ্চর্য ব্যক্তিক্রম। বিলেতে গিয়ে প্রথম ভারতীয় আই সি এস হওয়া ছাড়াও আঁধার মোড়া উনিশ শতকে নিজের অন্তঃপুর থেকে নারী স্বাধীনতার বিপ্লবাব্যাক প্রমাণ রেখে গেছেন। সত্যেন্দ্রনাথ ঠাকুর না থাকলে জ্ঞানদানন্দিনীর আধুনিক রূপ বাঙালি দেখতে পেতনা, পরবর্তী প্রজন্মের বাঙালি মেয়েদের ঘরের বাইরে চলাচল এত সহজসাধ্য হত না। অথচ আমাদের দেশে ‘নারী মুক্তি’, ‘নারী স্বাধীনতা’র ইতিহাসে তিনি প্রায় বিস্মৃত। রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সঙ্গে আমরা আরও যাদের কথা স্মরণ করি, তাঁদের মধ্যে সত্যেন্দ্রনাথ উপস্থিত থাকেন না। রামমোহনের প্রতি গভীর শ্রদ্ধায় সত্যেন্দ্রনাথ লিখেছেন তাঁর জীবনী। রামমোহনকে ভাল করে না জানলে তাঁর মধ্যে নারী কল্যাণের বাসনা হয়তো জাগত না।

বহুমুখী প্রতিভার অধিকারী এই মানুষটি দায়িত্বপূর্ণ রাজকার্য সামলেও রচনা করেছেন অজস্র ব্রহ্ম সংগীত। সাহিত্যিক, সমাজ সংস্কারক, সঙ্গীতজ্ঞ, সুরকার, গীতিকার, সংস্কৃতিমনস্ক মানুষ কত রকম পরিচয়ে তাঁকে নন্দিত করা চলে। অফুরান মেধা ও যোগ্যতা থাকা সত্ত্বেও কর্মজীবনে পরাধীন দেশের এই মুক্তমনা, অকুতোভয় রাজকর্মচারীটি দেশের শাসনব্যবস্থায় লগ্ন থেকেও কিছু ব্রিটিশ সরকারের সমালোচনা করেছেন। সেই মানুষটিই কর্মজীবনের গোড়ার দিকে, পরাধীন দেশে দেশাত্মবোধ বা রাষ্ট্রীয় মুক্ত চেতনা সঞ্চারের উদ্দেশ্যে বড়দা দ্বিজেন্দ্রনাথ ঠাকুর এবং নবগোপাল মিত্রের উদ্যোগে আয়োজিত হিন্দুমেলায় দ্বিতীয় অধিবেশনে নিজে উপস্থিত হয়ে অনুষ্ঠানের জন্য লিখে দিচ্ছেন খান্সাজ রাগে, আড়াঠেকার তালে নিবদ্ধ এক অসামান্য ভারতসঙ্গীত। বহু সময়েই এই গানকে দেশের প্রথম জাতীয় সংগীতের মর্যাদা দেওয়া হয়। কী চমৎকার সাড়া জাগানো ছিল সে গানের বাণী! “মিলে সবে ভারত সন্তান / একতান মন প্রাণ / গাও ভারতের যশোগান / ভারতভূমির তুল্য আছে কোন স্থান / কোন অগ্নি হিমালয় সমান”-----। সত্যেন্দ্রনাথ আরো কিছু দেশাত্মবোধক গান লেখেন। এই সব কারণে হয়তো তিনি কর্মদক্ষতার সঠিক স্বীকৃতি পাননি। একসাথে সিভিল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরেও পদোন্নতির সময় ইংরেজ অফিসারদের সাথে ভারতীয় অফিসারদের যে ব্যাপক বৈষম্য করা হতো, তার শিকার হয়েছেন। দীর্ঘদিনের সার্ভিসের পরেও তাঁকে ইংরেজ সরকার হাইকোর্টের জজ হিসেবে নিয়োগ করেনি। সাতরার জেলা - জজের পদ থেকেই স্বেচ্ছায় অবসর নিয়েছিলেন।

বৌবনে যে মেধাবী বুদ্ধিমান তরুণটি পিতৃ-আজ্ঞা শিরোধার্য করে হয়ে ওঠেন ‘তত্ত্ববোধিনী’ পত্রিকার তরুণ সম্পাদক, ব্রহ্মসমাজের কাজে যথেষ্ট উৎসাহী, পিতৃ-উপদেশ সঙ্কলন আর ব্রহ্মসংগীত রচনায় উদ্যমী ও কুশলী, সেই তিনি বিলেতে গিয়ে সিভিল সার্ভিস পরীক্ষা না দিলে হয়তো ভক্তিগীতি ভেঙে গান রচনায় আত্মোৎসর্গ করার সুবাদে ব্রাহ্ম-ধর্মের ইতিহাসে অন্য রকম স্থান অর্জন করে নিতেন।

আর অনুমান করলে ক্ষতি কি বঙ্কিমচন্দ্রের স্বদেশ ভাবনা প্রসূত স্বদেশ ভাবনার বীজমন্ত্র “বন্দেমাতরম” এ সত্যেন্দ্রনাথের প্রভাব কিছুটা হলেও থেকে গেছে?

ভারতের স্বাধীনতা প্রাপ্তির পঁচাত্তর বছর উদযাপনের পর, ২০২৩ সালটি ছিল এই অসামান্য জাতীয় সংগীত রচয়িতার প্রয়াণের শতবর্ষ।

## Sports as Mood Freezing Pill

Karuna Sana



*About the author: Dr. Karuna Sana, at present working as Assistant Professor in Physical Education at State Institute of Physical Education for Women, Hastings House, Kolkata. She is very creative, energetic and capable teacher of physical education and has plenty of potentiality to climb the summit. In present writing she focused on a psychological issue related with sports participation. Readers may interact with Dr. Sana through mail : [karunasana85@gmail.com](mailto:karunasana85@gmail.com)*

Mood freezing is the ability of an individual that can alter the emotions when he/she is conscious and pensive. It is a psychological state. It is an idea to freeze negative emotions, especially anger to avoid worsening the mood that can prevent further damage. Concept of mood freezing began as an experiment in 1984. There are so many advantages of mood freezing. Some of these are: Improves interpersonal relationships, allows you to have complete control, Increases happiness etc. It also can be used as a form of self defense.

It is very common belief that venting out our emotions makes us feel better. Sport is such a pill that can alter your mood.

All human emotions are related to the secretion of various hormones in the body and our behavior plays a pivotal role. While dealing with positive emotions, our actions increase happy hormones, hence positivity. Negative emotions such as anger, sadness, jealousy, etc. are responsible for or due to the secretion of stress hormones like cortisol, which worsening our mood.

There are a variety of mood freezing strategies such as: Accept the situation; Find a peaceful spot; Make relaxation a habit; Take a breather; Discussion about it; Look for ways to divert your attention; Change your routine etc.

According to Freud's psychoanalytic theory, catharsis could play an important role in relieving symptoms of distress. Catharsis of negative emotions can bring about some form of positive changes in the individual's life. Participation in sports is a good way to catharize the negative emotions from the body and to freezes the mood. When you find stuck in a negative mood, participate in any sport.

Playing sports always improve the mood by transferring the concentration on game situation. This helps clear the mind and calm down. It also helps you sleep better.

Exercises cause our body to release endorphins that relieves pain and stress. It also

reduces the level of stress hormones, cortisol and adrenaline. Studies have shown that 20 to 30 minutes of exercise for each day can make people feel calmer and it continues for several hours after exercises.

Disturbances during the critical life period may also be prevent or reduce by participation in recreational game and competitive sports. Involvement in sports activity is effective in reducing stress, depressive symptoms, anxiety and loneliness.

For women physical exercises may be effective in improving adverse physical, mental and psychological effects those are experienced during the perimenopausal period. Many research proved that, participation in sports can have long term effects on mental health.

A studied on 9688 children who had bad childhood experience such as physical and sexual abuse , or emotional neglect, researcher found that those children who took part in team sports had better mental well-being when they were adult.

In 1984, in another research the researchers distributed placebo pills to fix the current mood temporarily and participants expressed less frustration. Therefore, from the above mention references it can be concluded that sport is originally a pill to freeze the mood.

### References

1. Aparicio V.A. et al. Association of self reported physical fitness with cardiometabolic and mental health in perimenopausal Women: The Flamenco project. *Menopause*. 2019.
2. Cherry K. Catharsis in Psychology. [www.verywellmind.com](http://www.verywellmind.com) retrieve on 8<sup>th</sup> September, 2024.
3. Fossati C. et al. Physical Exercise and Mental Health: The Routes of a Reciprocal Relation. *International Journal of Environmental Research and Public health*. 18(23). 2021
4. Jewett R. School Sport Participation During Adolescence and Mental Health in Early Adulthood. *Journal of Adolescence health*. 2014.
5. Krauss S. Thirteen of Psychology's Newest and Coolest Ideas. WWW. Psychologytoday.com. retrieve on 7<sup>th</sup> September, 2024.
6. Mood Freezing: A doorway to mental peace. United Well-being Foundation. 2022.

## ক্রীড়া, রাজনীতি ও আধিপত্য

সমীররঞ্জন অধিকারী



লেখক পরিচিতি : ড. সমীররঞ্জন অধিকারী মনোবিদ্যার প্রথিতযশা অধ্যাপক ও বর্তমানে পুরুলিয়ার সিধু কানু বিরসা বিশ্ববিদ্যালয়ের বরিস্ট প্রফেসর হিসাবে কর্মরত। তাঁর বিষয়জ্ঞান এবং গবেষণা ইত্যমধ্যেই বাংলার পরিধি ছাড়িয়ে পৌঁছে গেছে ভারতবর্ষ ও তার বাইরের বৃহত্তর পরিধিতে। তবে শিক্ষকতার বাইরেও ড. অধিকারীর আগ্রহের ক্ষেত্র হল সাহিত্য, বিশেষত রবীন্দ্র সাহিত্য! তিনি একজন সুলেখক, সাহিত্যিক ও শিল্পী মানসিকতার মানুষ। ২০২০ সালে এই কলেজ আয়োজিত শারীরশিক্ষা ও যোগ বিষয়ের আন্তর্জাতিক আলোচনা সভায় তিনি ছিলেন বিশেষ আমন্ত্রিত বক্তা। উৎসাহী পাঠকরা তার সঙ্গে যোগাযোগ করতে পারেন ইমেলের মাধ্যমে। ইমেলের ঠিকানা : [samirranjanadhikari@gmail.com](mailto:samirranjanadhikari@gmail.com)

ক্রীড়া দীর্ঘদিন ধরে রাজনীতির সঙ্গে জড়িত। খেলাধুলার মাধ্যমে শারীরিক ক্ষমতা ও প্রতিযোগিতা প্রায়শই মতাদর্শগত, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক গুরুত্ব বহন করে। মাঠের বাইরেও, জাতীয় পরিচয় গঠনে, বিশ্বব্যাপী সম্পর্ক প্রভাবিত করতে এবং বিদ্যমান শক্তি কাঠামোগুলোকে মজবুত বা চ্যালেঞ্জ করতে ক্রীড়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

আধিপত্যের দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করলে -যেখানে একটি দল অন্যদের উপর কর্তৃত্ব করে - ক্রীড়াকে বর্তমান পরিস্থিতি বজায় রাখার একটি হতিয়ার এবং প্রতিরোধের একটি প্ল্যাটফর্ম হিসেবে দেখা যেতে পারে।

### রাজনৈতিক ক্ষমতার হাতিয়ার হিসেবে ক্রীড়া

ইতিহাসে, ক্রীড়াকে প্রায়ই জাতীয় শক্তি, ঐক্য এবং শ্রেষ্ঠত্ব প্রদর্শনের একটি মাধ্যম হিসেবে ব্যবহার করা হয়েছে। অলিম্পিক বা ফিফা বিশ্বকাপের মতো বড় আন্তর্জাতিক ইভেন্টগুলি শুধুমাত্র ক্রীড়া প্রতিযোগিতা নয়; এগুলো হল ভূ-রাজনৈতিক মঞ্চ সেখানে দেশগুলো নরম শক্তি এবং মর্যাদার জন্য প্রতিদ্বন্দ্বিতা করে। এই ধরনের ইভেন্ট আয়োজনকে প্রায়শই বৈশ্বিক প্রভাবের প্রতীক হিসেবে দেখা হয়, যেমন ২০০৮ সালের বৈজিং অলিম্পিকের সময় চীন বা ২০১৪ সালের শীতকালীন অলিম্পিকে রাশিয়ার উদাহরণে দেখা যায়। সংগঠন, অবকাঠামো এবং সাংস্কৃতিক গর্বের মহৎ প্রদর্শনের মাধ্যমে, জাতিগুলো ক্রীড়াকে তাদের আন্তর্জাতিক অবস্থান বাড়াতে এবং তাদের রাজনৈতিক ব্যবস্থাকে বৈধতা দিতে ব্যবহার করে।

একনায়কত্বে, ক্রীড়াকে প্রায়ই জাতীয়তাবাদী মতাদর্শ প্রচার করতে এবং অভ্যন্তরীণ ক্ষমতা সুসংহত করতে ব্যবহার করা হয়। রাজনৈতিক নেতারা তাঁদের শাসনকে জাতীয় গর্ব এবং শ্রেষ্ঠত্বের সঙ্গে যুক্ত করতে সফল ক্রীড়া দল বা ক্রীড়াবিদদের সাথে নিজেদের সম্পর্কিত রাখতে ভালো বাসেন। উদাহরণস্বরূপ, ২০ শতকের সময় বেনিতো মুসোলিনি এবং অ্যাডলফ হিটলারের মতো একনায়করা ফ্যাসিবাদী মতাদর্শ প্রচারের জন্য ক্রীড়ার ব্যবহার করেছিলেন - ক্রীড়াক্ষেত্রে সাফল্যকে তাঁদের শাসনব্যবস্থার কথিত শ্রেষ্ঠত্বের সাথে যুক্ত করেছিলেন। এমন পরিস্থিতিতে, ক্রীড়া রাজনৈতিক প্রচারের হাতিয়ারে পরিণত হয়, জনসংখ্যার উপর আধিপত্যকে শক্তিশালী করে।

### ক্রীড়া আধিপত্যের ভূমিকা

একটি শ্রেণি বা গোষ্ঠীর অন্যদের উপর সাংস্কৃতিক, নৈতিক এবং মতাদর্শগত নেতৃত্ব বোঝাতে ইতালীয় মার্কসবাদী দার্শনিক আন্তোনিও গ্রামসিই আধিপত্য বা হেজেমণির ধারণা প্রবর্তন করেছিলেন। এই আধিপত্য জোরপূর্বক আরোপিত নয়, বরং অবদমিতদের সম্মতি লাভের মাধ্যমে অর্জিত হয়, এবং তা সাংস্কৃতিক এবং সামাজিক নিয়ম গঠন করে। ক্রীড়া এমন একাধিক সাংস্কৃতিক ক্ষেত্রের মধ্যে একটি যেখানে আধিপত্যমূলক মতাদর্শগুলি শক্তিশালী হয়।

বিশ্বব্যাপী ক্রীড়ায়, পশ্চিমা দেশগুলো, বিশেষ করে যুক্তরাষ্ট্র এবং পশ্চিম ইউরোপ, ঐতিহাসিকভাবে সাফল্য এবং বাণিজ্যিকীকরণের ক্ষেত্রে আধিপত্য বজায় রেখেছে। বাস্কেটবল, ফুটবল এবং বেসবলের মতো আমেরিকান ক্রীড়া বিশ্বব্যাপী জনপ্রিয় হয়ে উঠেছে এবং পশ্চিমা পূঁজিবাদী মূল্যবোধ ছড়ানোর একটি মাধ্যম হিসেবে কাজ করে চলেছে। ন্যাশানাল বাস্কেটবল অ্যাসোসিয়েশন (এনবিএ) বা ইংলিশ প্রিমিয়ার লিগের বৈশ্বিক প্রসার দেখায় ক্রীড়া কীভাবে সাংস্কৃতিক নিয়ম রপ্তানি করতে পারে - যা সূক্ষ্ম কিন্তু বিস্তৃতভাবে পশ্চিমা আধিপত্যকে শক্তিশালী করে।

তদুপরি, কর্পোরেট পৃষ্ঠপোষকতা, মিডিয়া অধিকার এবং বিজ্ঞাপনের মাধ্যমে ক্রীড়ার পন্যায়ন প্রায়ই পূঁজিবাদী আধিপত্যকে শক্তিশালী করে। প্রধান ক্রীড়া ইভেন্টগুলি কর্পোরেট ব্র্যান্ডিংয়ে পূর্ণ থাকে, ক্রীড়াবিদদের বৈশ্বিক বাণিজ্যিক আইকনে পরিণত করে। ক্রীড়ার বাণিজ্যিকীকরণ বৃহত্তর উদারনৈতিক অর্থনৈতিক শৃঙ্খলাকে প্রতিফলিত করে, যেখানে বাজারের শক্তি সাংস্কৃতিক চর্চা ও বিনোদন নিয়ন্ত্রণ করে।

### আধিপত্যের বিরুদ্ধে প্রতিরোধ ক্রীড়ার মাধ্যমে

আধিপত্যের এই ভূমিকা থাকা সত্ত্বেও, ক্রীড়া প্রতিরোধের একটি প্ল্যাটফর্ম হিসেবেও কাজ করে। ক্রীড়াবিদ এবং দলগুলো প্রায়শই তাদের খ্যাতি ব্যবহার করে রাজনৈতিক ক্ষমতা এবং সামাজিক বৈষম্যকে চ্যালেঞ্জ করে। উদাহরণস্বরূপ, মার্কিন যুক্তরাষ্ট্রে নাগরিক অধিকার আন্দোলন একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব খুঁজে পায় মোহাম্মদ আলীর মধ্যে, যিনি ভিয়েতনাম যুদ্ধে যোগ দিতে অস্বীকৃতি জানিয়েছিলেন এবং বর্ণবৈষম্য সম্পর্কে তাঁর খোলামেলা মতামত তাঁকে আমেরিকান আধিপত্যের বিরুদ্ধে প্রতিরোধের প্রতীক করে তুলেছিল।

একইভাবে, ১৯৬৮ সালের মেক্সিকো সিটি অলিম্পিকে আফ্রিকান আমেরিকান ক্রীড়াবিদ টমি স্মিথ এবং জন কার্লোস রেসের সময় ব্ল্যাক পাওয়ার স্যালুট দিয়ে জাতিগত বৈষম্যের প্রতিবাদ করেন। এই বিদ্রোহের ঘটনা বৈশ্বিক প্রতিধ্বনি তৈরি করে, দেখায় কীভাবে ক্রীড়া প্রান্তিক কঠোর জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করতে পারে।

সম্প্রতি, ব্ল্যাক লাইভস ম্যাটার -এর মতো আন্দোলনও ক্রীড়ার মাধ্যমে প্রকাশ পেয়েছে। এনএফএল খেলোয়াড় কলিন কেপারনিক জাতীয় সংগীত চলাকালীন হাঁটু গেড়ে পুলিশের নৃশংসতার প্রতিবাদ করার সিদ্ধান্ত নিয়ে জাতি, দেশপ্রেম এবং ক্রীড়ার রাজকীয় বিতর্কের সূচনা করেছিলেন। কেপারনিকের প্রতিবাদ মার্কিন যুক্তরাষ্ট্রের জাতিগত বৈষম্যের আধিপত্য এবং ক্রীড়াকে “অরাজনৈতিক” থাকার আদর্শের প্রতি একটি সরাসরি চ্যালেঞ্জ ছিল।

### গ্লোবাল সাউথ, জাতীয়তাবাদ এবং ক্রীড়া

ক্রীড়া পশ্চিমা দেশের বৈশ্বিক আধিপত্যকে চ্যালেঞ্জ করার একটি কাঠামোও প্রদান করে। অনেক উপনিবেশ-উত্তর দেশে, ক্রীড়া জাতীয় পরিচয় প্রকাশ এবং প্রাক্তন উপনিবেশবাদীদের সাংস্কৃতিক আধিপত্য থেকে মুক্ত হওয়ার একটি উপায় হয়ে উঠেছে। ক্রিকেট, উদাহরণস্বরূপ, ভারত এবং ওয়েস্ট ইন্ডিজের মতো দেশে উপনিবেশ-উত্তর প্রতিরোধের একটি শক্তিশালী প্রতীক হয়েছে। একসময় ব্রিটিশ সাম্রাজ্যের প্রতীক হিসেবে বিবেচিত এই খেলাটি এই দেশগুলো দ্বারা তাদের সার্বভৌমত্ব এবং বৈশ্বিক মধ্যে পরিচয় প্রকাশের হাতিয়ার হিসেবে গৃহীত হয়েছিল। আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার প্রাক্তন উপনিবেশবাদী শক্তির বিরুদ্ধে বিজয় প্রায়ই গভীর প্রতীকী অর্থ বহন করে, যা ঐতিহাসিক দমনকে উল্টে দেয়।

গ্লোবাল সাউথের ক্ষেত্রে, ক্রীড়া প্রতিরোধের যুদ্ধক্ষেত্র এবং বৈশ্বিক পূঁজিবাদী ব্যবস্থায় একীভূত হওয়ার একটি উপায় হতেই পারে। আফ্রিকান এবং লাতিন আমেরিকান ক্রীড়াবিদদের বিশ্বব্যাপী প্রতিযোগিতায় সাফল্য প্রায়ই পশ্চিমা আধিপত্যের প্রতি একটি চ্যালেঞ্জ হিসেবে চিত্রিত হয়, তবে একই সময়ে, এই ক্রীড়াবিদরা পণ্যায়িত এবং সেই ব্যবস্থার দ্বারা শোষিত হন, যা বৈশ্বিক বৈষম্যকে বাড়িয়ে তোলে।

### উপসংহার

ক্রীড়া, রাজনীতি এবং আধিপত্যের আন্তঃসম্পর্ক থেকে জাতীয় এবং বৈশ্বিক উভয় স্তরে ক্রীড়া কীভাবে শক্তির গতিশীলতা গঠনে বহুস্তরীয় ভূমিকা পালন করে তা দেখা যায়। যদিও ক্রীড়াকে প্রায়ই রাজনৈতিক মতাদর্শকে শক্তিশালী করার এবং আধিপত্য বজায় রাখার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়েছে, তবে ক্রীড়াকে প্রতিরোধ এবং আধিপত্যমূলক ব্যবস্থাকে চ্যালেঞ্জ করার জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবেও ব্যবহার করা হয়ে থাকে। বৈশ্বিক ক্রীড়া যেমন বিকশিত হতে থাকে, এটিকে রাজনৈতিক ক্ষমতার পুনরুদ্ধার এবং সামাজিক ন্যায়বিচারের সংগ্রামে একটি গুরুত্বপূর্ণ অস্ত্র হিসেবেও গণ্য করা হয়ে থাকে। খেলাধুলার শক্তি শুধুমাত্র মাঠের প্রতিযোগিতা নয় - এর মধ্যে পৃথিবীকে আকার দেওয়া আধিপত্যশীল শক্তিগুলিকে প্রতিফলিত ও প্রতিহত করার ক্ষমতাও নিহিত।



## বিবেকানন্দের স্বাস্থ্য ও শরীরচর্চা

পিন্টু শীল



*About the author: Dr. Pintu Sil, Associate Professor is working in the higher education department in WBES Cadre since 2007 and presently working at State Institute of Physical Education for Women Hastings House, Alipore, Kolkata as Principal from 23.03.24. He also served as Officer in Charge in the same institute and also at GCPEW Dinhata. Dr. Sil writes many such kind of short stories on sports and physical education personalities. Interested person may read his writing by clicking on his blog: [pssportd.blogspot.com](http://pssportd.blogspot.com)*



১

স্বামী বিবেকানন্দ সর্বসাকুল্যে উনচল্লিশ বছর বেঁচেছিলেন (১৮৬৩-১৯০২)। আধুনিক শিক্ষামনোবিদ্যার 'প্রোগ্রাম অ্যান্ড ডেভেলপমেন্ট' চ্যাপ্টারের আলোকে তিনি তাঁর জীবদ্দশায় মাত্র চারটি বিকাশস্তর কভার করতে পেরেছেন - শৈশবকাল, বাল্যকাল, কৈশোরকাল এবং প্রাপ্তবয়স্ক কাল। পরবর্তী স্তর পৌঢ়ত্ব ও বার্ধক্যে তিনি আর পদার্পণ করতে পারেননি। বিবেকানন্দের স্বাস্থ্যের অনুসন্ধান আমরা এখান থেকেই শুরু করছি, তাহলে কি তিনি পৌঢ়ত্বের ক্রমঃবলহীনতা এবং বার্ধক্যের জরা ও ব্যাধি থেকে মুক্ত ছিলেন? এক কথায় উত্তর হল - না! পৌঢ়ত্ব ও বার্ধক্যে পদার্পণ না করলেও ক্ষণজন্মা এই মহামানব যৌবনের মধ্যগগনেই ব্যাধি ও অসুস্থতায় জর্জরিত হয়ে পড়েছিলেন। তার ভয়ঙ্কর স্বাস্থ্যহানি ঘটেছিল এবং এই রোগ-ব্যাধির আক্রমণ ও প্রকোপই তাঁর আয়ুষ্কালকে এতখানি সংক্ষেপিত করেছিল।

বিবেকানন্দ যতই মহান দার্শনিক হন এবং আমরা তাকে যতই 'মহামানব' বলে মনে করিনা কেন, স্বল্পকালের মধ্যে তিনি যে সমস্ত অসুস্থতায় ভুগেছিলেন এবং তার ফলে তাঁর অঙ্গহানি হওয়া থেকে শুরু করে মৃত্যুর কোলে ঢলে পড়া বিচার করলে, তাঁকে আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর থেকে আলাদা করা খুব মুশকিল।

স্বামীজী তাঁর সন্ন্যাস জীবনেই বেশী রোগ-ব্যাধীর কবলে পড়েছেন। খাওয়া দাওয়ার কোন ঠিক ঠিকানা না থাকায়, কোনদিন একবেলা, কোনদিন আধবেলা, আবার কোনদিন সম্পূর্ণ উপবাস করে দিনের পর দিন কাটানো তাঁর ভারতদর্শনের পরিপূর্ণতা আনলেও স্বাস্থ্যের উপর তা ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল বলেই মনে হয়। অবশ্য শুধুমাত্র খাওয়া - দাওয়ার নিয়মানুবর্তিতার অভাবেই নয়, তাঁর রোগভোগ ও স্বাস্থ্যহানির জন্য আরও অনেক কারণ ছিল। তারমধ্যে পৈতৃক রোগব্যাধির উত্তরাধিকার যেমন ছিল, তেমনই ছিল জীবনশৈলীর কিছু ক্রটি বিচ্যুতি। এর মধ্যে উল্লেখযোগ্য হল ধূমপান ও অত্যধিক মানসিক চাপ (Mental Stress)।

স্বামী বিকানন্দ সর্বসাকুল্যে উনচল্লিশ বছর বেঁচেছিলেন (১৮৬৩-১৯০২)। আধুনিক শিক্ষামনোবিদ্যার ‘গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট’ চ্যাপ্টারের আলোকে তিনি তাঁর জীবদ্দশায় মাত্র চারটি বিকাশস্তর কভার করতে পেরেছেন - শৈশবকাল, বাল্যকাল, কৈশোরকাল এবং প্রাপ্তবয়স্ক কাল। পরবর্তী স্তর পৌঢ়ত্ব ও বার্ধক্যে তিনি আর পদার্পণ করতে পারেননি। বিবেকানন্দের স্বাস্থ্যের অনুসন্ধান আমরা এখান থেকেই শুরু করছি, তাহলে কি তিনি পৌঢ়ত্বের ক্রমঃবলহীনতা এবং বার্ধক্যের জরা ও ব্যাধি থেকে মুক্ত ছিলেন? এক কথাই উত্তর হল - না! পৌঢ়ত্বে ও বার্ধক্যে পদার্পণ না করলেও ক্ষণজন্মা এই মহামানব যৌবনের মধ্যগগনেই ব্যাধি ও অসুস্থতার জর্জরিত হয়ে পড়েছিলেন। তার ভয়ঙ্কর স্বাস্থ্যহানি ঘটেছিল এবং এই রোগ-ব্যাধির আক্রমণ ও প্রকোপই তাঁর আয়ুষ্কালকে এতখানি সংক্ষেপিত করেছিল।

বিবেকানন্দ যতই মহান দার্শনিক হন এবং আমরা তাকে যতই ‘মহামানব’ বলে মনে করি না কেন, স্বল্পকালের মধ্যে তিনি যে সমস্ত অসুস্থতার ভুগেছিলেন এবং তার ফলে তাঁর অঙ্গহানি হওয়া থেকে শুরু করে মৃত্যুর কোলে চলে পড়া বিচার করলে, তাঁকে আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর থেকে আলাদা করা খুব মুশকিল।

স্বামীজী তাঁর সম্যাস জীবনেই বেশী রোগ-ব্যাধীর কবলে পড়েছেন। খাওয়া দাওয়ার কোন ঠিক ঠিকানা না থাকায়, কোনদিন একবেলা, কোনদিন আধবেলা, আবার কোনদিন সম্পূর্ণ উপবাস করে দিনের পর দিন কাটানো তাঁর ভারতদর্শনের পরিপূর্ণতা আনলেও স্বাস্থ্যের উপর তা ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল বলেই মনে হয়। অবশ্য শুধুমাত্র খাওয়া - দাওয়ার নিয়মানুবর্তিতার অভাবেই নয়, তাঁর রোগভোগ ও স্বাস্থ্যহানির জন্য আরও অনেক কারণ ছিল। তারমধ্যে পৈতৃক রোগব্যাধির উত্তরাধিকার যেমন ছিল, তেমনই ছিল জীবনশৈলীর কিছু ত্রুটি বিচ্যুতি। এর মধ্যে উল্লেখযোগ্য হল ধূমপান ও অত্যধিক মানসিক চাপ (Mental Stress)।

তিনি সারাজীবন যে সব অসুখে ভুগেছিলেন, বিবেকানন্দের অনুরাগী গবেষকরা তার একটা তালিকা আমাদের সামনে তুলে ধরতে পেরেছেন। এর থেকে জানা যাচ্ছে, ‘ডায়াবেটিস’ যে রোগ বর্তমান বিশ্বের অন্যতম ভয়ঙ্কর ব্যাধির একটি, তা তিনি পেয়েছিলেন পারিবারিক সূত্রেই। তাঁর পিতা বিশ্বনাথ দত্ত এই রোগের প্রকোপেই মারা গিয়েছিলেন হৃদরোগে আক্রান্ত হয়ে। বিবেকানন্দের জীবনেও ঘটেছে সেই ঘটনা। যে সমস্ত রোগে বিবেকানন্দ সারাজীবন কখনো না কখনো ভুগেছিলেন তার একটি তালিকা গবেষক লেখক শংকর দিয়েছেন, তা হল মাথাব্যথা, টনসিল, ম্যালেরিয়া, সর্দিকশি, শ্বাসকষ্ট (হাঁপানি), টাইফয়েড, নানারকম জ্বর, লিভারের অসুখ, উদরী (পেটে জল জমা হওয়া), পেটের গণ্ডগোল, ডায়রিয়া, ডিসপেপসিয়া, পাথুরি, লাম্বার ব্যাক পেন, ঘাড়ের ব্যাথা (স্পন্ডাইলোসিস), ব্রাইটিস ডিজিজ, কিডনির গলযোগ, ড্রুপসি বা শোথ (পা ফোলা), অ্যালুমিনিউরিয়া, রক্তাক্তক্ষু, দৃষ্টিহীনতা (একটি চোখে), ইনসোমনিয়া (নিদ্রাহীনতা), অকালে চুল দাড়ি পেকে যাওয়া, নিউরোসথেনিয়া (শ্রান্তরোগ), রাত্রে খাবার পর প্রচণ্ড গরম অনুভব করা, গরম সহ্য করতে না পারা, অল্পতেই ক্লান্ত হয়ে পড়া, সি-সিকনেস, সানস্ট্রোক, ডায়াবেটিস ও হৃদরোগ।

এই তালিকায় উচ্চ-রক্তচাপ (হাই ব্লাডপ্রেসার) -এর উল্লেখ নেই। কেন নেই? হয়তো গবেষকরা এর চলতি কথা হাইপ্রেসার শব্দটা তার লেখা ও চিঠিপত্রের কোথাও উল্লেখ পাননি। কিন্তু ‘হাইসুগার’ বেশিরভাগ ক্ষেত্রেই ‘হাইপ্রেসারের’ হাত ধরে থাকে এটা আমরা এখন ভালোই জানি। তাছাড়া তাঁর প্রচণ্ড ‘নিদ্রাহীনতা’, তিনি যে ভয়ঙ্কর ‘সাইকোলজিক্যাল স্ট্রেস’ -এ ভুগতেন, তার হাতেনাতে প্রমাণ। আর এই স্ট্রেস এবং হাইপ্রেসার একেবারে পরস্পরের জিগরি দোস্ত। এছাড়া তিনি কিছুটা সময় অ্যানিমিয়া বা রক্তহীনতায় ভুগেছেন বলেও মনে হয়। অল্পতেই ক্লান্ত হয়ে পড়া রক্তে হিমোগ্লোবিনের ঘাটতির অন্যতম লক্ষণ। তাছাড়া তার প্রচণ্ড গরম লাগা এবং দেহের ওজনের খুব দ্রুত হ্রাসবৃদ্ধির ঘটনা খাইরয়েডের সমস্যা কি না তা নিয়েও গবেষণার প্রয়োজন আছে।

সে যাই হোক, এত বড় তালিকার উল্লেখ এবং বিশ্লেষণ শুধু একটাই কারণে, যে তাঁর উনচল্লিশ বছর, পাঁচ মাস, চব্বিশ দিন ব্যাপী স্বল্প জীবনকালে তিনি যেমন তার কাজে, চিন্তায়, মননে শ্রেষ্ঠ দার্শনিক ও মহামানব হয়ে উঠেছেন, অন্যদিকে দীর্ঘরোগে প্রতিনিয়ত ভুগে প্রমাণ করেছেন, তিনি আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর মতোই একজন কমন হিউম্যান বিইং বা সাধারণ মানুষ।

কিন্তু আমাদের কাছে যা তথ্যপ্রমাণ আছে, তাতে স্বামীজির শরীরস্বাস্থ্য এত দুর্বল ও শক্তিহীন হওয়ার কথা নয়। ছেলেবেলা থেকেই বিবেকানন্দ ছিলেন দারুণ ডানপিটে। “প্রাণবন্ত নরেন্দ্রনাথ খেলাধুলা ও স্বাস্থ্যচর্চায় নিজেকে সারাক্ষণ



স্বামী বিকানন্দ সর্বসাকুল্যে ঊনচল্লিশ বছর বেঁচেছিলেন (১৮৬৩-১৯০২)। আধুনিক শিক্ষামনোবিদ্যার 'প্রোগ্রাম অ্যান্ড ডেভেলপমেন্ট' চ্যাপ্টারের আলোকে তিনি তাঁর জীবদ্দশায় মাত্র চারটি বিকাশস্তর কভার করতে পেরেছেন - শৈশবকাল, বাল্যকাল, কৈশোরকাল এবং প্রাপ্তবয়স্ক কাল। পরবর্তী স্তর পৌঢ় ও বার্ধক্যে তিনি আর পদার্পণ করতে পারেননি। বিবেকানন্দের স্বাস্থ্যের অনুসন্ধান আমরা এখন থেকেই শুরু করছি, তাহলে কি তিনি পৌঢ়ত্বের ক্রমঃবলহীনতা এবং বার্ধক্যের জরা ও ব্যাধি থেকে মুক্ত ছিলেন? এক কথায় উত্তর হল - না। পৌঢ়ত্বে ও বার্ধক্যে পদার্পণ না করলেও ক্ষণজন্মা এই মহামানব যৌবনের মধ্যগগনেই ব্যাধি ও অসুস্থতায় জর্জরিত হয়ে পড়েছিলেন। তার ভয়ঙ্কর স্বাস্থ্যহানি ঘটেছিল এবং এই রোগ-ব্যাধির আক্রমণ ও প্রকোপই তাঁর আয়ুষ্কালকে এতখানি সংক্ষেপিত করেছিল।

বিবেকানন্দ যতই মহান দার্শনিক হন এবং আমরা তাকে যতই 'মহামানব' বলে মনে করি না কেন, স্বল্পকালের মধ্যে তিনি যে সমস্ত অসুস্থতায় ভুগেছিলেন এবং তার ফলে তাঁর অঙ্গহানি হওয়া থেকে শুরু করে মৃত্যুর কোলে ঢলে পড়া বিচার করলে, তাঁকে আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর থেকে আলাদা করা খুব মুশকিল।

স্বামীজী তাঁর সম্ভ্রাস জীবনেই বেশী রোগ-ব্যাধীর কবলে পড়েছেন। খাওয়া দাওয়ার কোন ঠিক ঠিকানা না থাকায়, কোনদিন একবেলা, কোনদিন আধবেলা, আবার কোনদিন সম্পূর্ণ উপবাস করে দিনের পর দিন কাটানো তাঁর ভারতদর্শনের পরিপূর্ণতা আনলেও স্বাস্থ্যের উপর তা ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল বলেই মনে হয়। অবশ্য শুধুমাত্র খাওয়া - দাওয়ার নিয়মানুবর্তিতার অভাবেই নয়, তাঁর রোগভোগ ও স্বাস্থ্যহানির জন্য আরও অনেক কারণ ছিল। তারমধ্যে পৈতৃক রোগব্যাধির উত্তরাধিকার যেমন ছিল, তেমনই ছিল জীবনশৈলীর কিছু ক্রটি বিচ্যুতি। এর মধ্যে উল্লেখযোগ্য হল ধূমপান ও অত্যধিক মানসিক চাপ (Mental Stress)।

তিনি সারাজীবন যে সব অসুখে ভুগেছিলেন, বিবেকানন্দের অনুরাগী গবেষকরা তার একটা তালিকা আমাদের সামনে তুলে ধরতে পেরেছেন। এর থেকে জানা যাচ্ছে, 'ডায়াবেটিস' যে রোগ বর্তমান বিশ্বের অন্যতম ভয়ঙ্কর ব্যাধির একটি, তা তিনি পেয়েছিলেন পারিবারিক সূত্রেই। তাঁর পিতা বিশ্বনাথ দত্ত এই রোগের প্রকোপেই মারা গিয়েছিলেন হৃদরোগে আক্রান্ত হয়ে। বিবেকানন্দের জীবনেও ঘটেছে সেই ঘটনা। যে সমস্ত রোগে বিবেকানন্দ সারাজীবন কখনো না কখনো ভুগেছিলেন তার একটি তালিকা গবেষক লেখক শংকর দিয়েছেন, তা হল মাথাব্যথা, টনসিল, ম্যালেরিয়া, সর্দিকাশি, শ্বাসকষ্ট (হাঁপানি), টাইফয়েড, নানারকম জ্বর, লিভারের অসুখ, উদরী (পেটে জল জমা হওয়া), পেটের গণ্ডগোল, ডায়রিয়া, ডিসপেপসিয়া, পাথুরি, লাম্বার ব্যাক পেন, ঘাড়ের ব্যাথা (স্পন্ডাইলোসিস), ব্রাইটিস ডিজিজ, কিডনির গলাযোগ, ড্রুপসি বা শোথ (পা ফেলা), অ্যালুমিনিউরিয়া, রক্তাক্তক্ষু, দৃষ্টিহীনতা (একটি চোখে), ইনসোমনিয়া (নিদ্রাহীনতা), অকালে চুল দাড়ি পেকে যাওয়া, নিউরোসথেনিয়া (মায়ুরোগ), রাত্রে খাবার পর প্রচণ্ড গরম অনুভব করা, গরম সহ্য করতে না পারা, অল্পতেই ক্লান্ত হয়ে পড়া, সি-সিকনেস, সানস্ট্রোক, ডায়াবেটিস ও হৃদরোগ।

এই তালিকায় উচ্চ-রক্তচাপ (হাই ব্লাডপ্রেসার) -এর উল্লেখ নেই। কেন নেই? হয়তো গবেষকরা এর চলতি কথা হাইপ্রেসার শব্দটা তার লেখা ও চিঠিপত্রের কোথাও উল্লেখ পাননি। কিন্তু 'হাইসুগার' বেশিরভাগ ক্ষেত্রেই 'হাইপ্রেসারের' হাত ধরে থাকে এটা আমরা এখন ভালোই জানি। তাছাড়া তাঁর প্রচণ্ড 'নিদ্রাহীনতা', তিনি যে ভয়ঙ্কর 'সাইকোলজিক্যাল স্ট্রেস' -এ ভুগতেন, তার হাতেনাতে প্রমাণ। আর এই স্ট্রেস এবং হাইপ্রেসার একেবারে পরস্পরের জিগরি দোস্তু। এছাড়া তিনি কিছুটা সময় অ্যানিমিয়া বা রক্তহীনতায় ভুগেছেন বলেও মনে হয়। অল্পতেই ক্লান্ত হয়ে পড়া রক্তে হিমোগ্লোবিনের ঘাটতির অন্যতম লক্ষণ। তাছাড়া তার প্রচণ্ড গরম লাগা এবং দেহের ওজনের খুব দ্রুত হ্রাসবৃদ্ধির ঘটনা খাইরয়েডের সমস্যা কি না তা নিয়েও গবেষণার প্রয়োজন আছে।

সে যাই হোক, এত বড় তালিকার উল্লেখ এবং বিশ্লেষণ শুধু একটাই কারণে, যে তাঁর ঊনচল্লিশ বছর, পাঁচ মাস, চব্বিশ দিন ব্যাপী স্বল্প জীবনকালে তিনি যেমন তার কাজে, চিন্তায়, মননে শ্রেষ্ঠ দার্শনিক ও মহামানব হয়ে উঠেছেন, অন্যদিকে দীর্ঘরোগে প্রতিনিয়ত ভুগে প্রমাণ করেছেন, তিনি আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর মতোই একজন কমন হিউম্যান বিইং বা সাধারণ মানুষ।

কিন্তু আমাদের কাছে যা তথ্যপ্রমাণ আছে, তাতে স্বামীজির শরীরস্বাস্থ্য এত দুর্বল ও শক্তিহীন হওয়ার কথা নয়! ছেলেবেলা থেকেই বিবেকানন্দ ছিলেন দারুণ ডানপিটে। "প্রাণবন্ত নরেন্দ্রনাথ খেলাধুলা ও স্বাস্থ্যচর্চায় নিজেই সারাক্ষণ

স্বামী বিকানন্দ সর্বসাকুল্যে উনচল্লিশ বছর বেঁচেছিলেন (১৮৬৩-১৯০২)। আধুনিক শিক্ষামনোবিদ্যার 'প্রোগ্রাম অ্যান্ড ডেভেলপমেন্ট' চ্যাপ্টারের আলোকে তিনি তাঁর জীবদ্দশায় মাত্র চারটি বিকাশস্তর কভার করতে পেরেছেন - শৈশবকাল, বাল্যকাল, কৈশোরকাল এবং প্রাপ্তবয়স্ক কাল। পরবর্তী স্তর পৌঢ়ত্ব ও বার্ধক্যে তিনি আর পদার্পণ করতে পারেননি। বিবেকানন্দের স্বাস্থ্যের অনুসন্ধান আমরা এখন থেকেই শুরু করছি, তাহলে কি তিনি পৌঢ়ত্বের ক্রমঃবলহীনতা এবং বার্ধক্যের জরা ও ব্যাধি থেকে মুক্ত ছিলেন? এক কথায় উত্তর হল - না! পৌঢ়ত্বে ও বার্ধক্যে পদার্পণ না করলেও ক্ষণজন্মা এই মহামানব যৌবনের মধ্যগগনেই ব্যাধি ও অসুস্থতায় জর্জরিত হয়ে পড়েছিলেন। তার ভয়ঙ্কর স্বাস্থ্যহানি ঘটেছিল এবং এই রোগ-ব্যাধির আক্রমণ ও প্রকোপই তাঁর আয়ুষ্কালকে এতখানি সংক্ষেপিত করেছিল।

বিবেকানন্দ যতই মহান দার্শনিক হন এবং আমরা তাকে যতই 'মহামানব' বলে মনে করিনা কেন, স্বল্পকালের মধ্যে তিনি যে সমস্ত অসুস্থতায় ভুগেছিলেন এবং তার ফলে তাঁর অঙ্গহানি হওয়া থেকে শুরু করে মৃত্যুর কোলে ঢলে পড়া বিচার করলে, তাঁকে আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর থেকে আলাদা করা খুব মুশকিল।

স্বামীজী তাঁর সম্যাস জীবনেই বেশী রোগ-ব্যাধীর কবলে পড়েছেন। খাওয়া দাওয়ার কোন ঠিক ঠিকানা না থাকায়, কোনদিন একবেলা, কোনদিন আধবেলা, আবার কোনদিন সম্পূর্ণ উপবাস করে দিনের পর দিন কাটানো তাঁর ভারতদর্শনের পরিপূর্ণতা আনলেও স্বাস্থ্যের উপর তা ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল বলেই মনে হয়। অবশ্য শুধুমাত্র খাওয়া - দাওয়ার নিয়মানুবর্তিতার অভাবেই নয়, তাঁর রোগভোগ ও স্বাস্থ্যহানির জন্ম আরও অনেক কারণ ছিল। তারমধ্যে পৈতৃক রোগব্যাধির উত্তরাধিকার যেমন ছিল, তেমনই ছিল জীবনশৈলীর কিছু ক্রটি বিচ্যুতি। এর মধ্যে উল্লেখযোগ্য হল ধূমপান ও অত্যধিক মানসিক চাপ (Mental Stress)।

তিনি সারাজীবন যে সব অসুখে ভুগেছিলেন, বিবেকানন্দের অনুরাগী গবেষকরা তার একটা তালিকা আমাদের সামনে তুলে ধরতে পেরেছেন। এর থেকে জানা যাচ্ছে, 'ডায়াবেটিস' যে রোগ বর্তমান বিশ্বের অন্যতম ভয়ঙ্কর ব্যাধির একটি, তা তিনি পেয়েছিলেন পারিবারিক সূত্রেই। তাঁর পিতা বিশ্বনাথ দত্ত এই রোগের প্রকোপেই মারা গিয়েছিলেন হৃদরোগে আক্রান্ত হয়ে। বিবেকানন্দের জীবনেও ঘটেছে সেই ঘটনা। যে সমস্ত রোগে বিবেকানন্দ সারাজীবন কখনো না কখনো ভুগেছিলেন তার একটি তালিকা গবেষক লেখক শংকর দিয়েছেন, তা হল মাথাব্যথা, টনসিল, ম্যালেরিয়া, সর্দিকাশি, শ্বাসকষ্ট (হাঁপানি), টাইফয়েড, নানারকম জ্বর, লিভারের অসুখ, উদরী (পেটে জল জমা হওয়া), পেটের গণ্ডগোল, ডায়রিয়া, ডিসপেপসিয়া, পাথুরি, লাম্বার ব্যাক পেন, ঘাড়ের ব্যাথা (স্পন্ডাইলোসিস), ব্রাইটিস ডিজিজ, কিডনির গলযোগ, ড্রপসি বা শোথ (পা ফোলা), অ্যালুমিনিউরিয়া, রক্তাক্তক্ষু, দৃষ্টিহীনতা (একটি চোখে), ইনসোমনিয়া (নিদ্রাহীনতা), অকালে চুল দাড়ি পেকে যাওয়া, নিউরোসথেনিয়া (শ্বাসরোগ), রাত্রে খাবার পর প্রচণ্ড গরম অনুভব করা, গরম সহ্য করতে না পারা, অল্পতেই ক্লান্ত হয়ে পড়া, সি-সিকনেস, সানস্ট্রোক, ডায়াবেটিস ও হৃদরোগ।

এই তালিকায় উচ্চ-রক্তচাপ (হাই ব্লাডপ্রেসার) -এর উল্লেখ নেই। কেন নেই? হয়তো গবেষকরা এর চলতি কথা হাইপ্রেসার শব্দটা তার লেখা ও চিঠিপত্রের কোথাও উল্লেখ পাননি। কিন্তু 'হাইসুগার' বেশিরভাগ ক্ষেত্রেই 'হাইপ্রেসারের' হাত ধরে থাকে এটা আমরা এখন ভালোই জানি। তাছাড়া তাঁর প্রচণ্ড 'নিদ্রাহীনতা', তিনি যে ভয়ঙ্কর 'সাইকোলজিক্যাল স্ট্রেস' -এ ভুগতেন, তার হাতেনাতে প্রমাণ। আর এই স্ট্রেস এবং হাইপ্রেসার একেবারে পরস্পরের জিগরি দোস্তু। এছাড়া তিনি কিছুটা সময় অ্যানিমিয়া বা রক্তহীনতায় ভুগেছেন বলেও মনে হয়। অল্পতেই ক্লান্ত হয়ে পড়া রক্ত হিমোগ্লোবিনের ঘাটতির অন্যতম লক্ষণ। তাছাড়া তার প্রচণ্ড গরম লাগা এবং দেহের ওজনের খুব দ্রুত হ্রাসবৃদ্ধির ঘটনা খাইরয়েডের সমস্যা কি না তা নিয়েও গবেষণার প্রয়োজন আছে।

সে যাই হোক, এত বড় তালিকার উল্লেখ এবং বিশ্লেষণ শুধু একটাই কারণে, যে তাঁর উনচল্লিশ বছর, পাঁচ মাস, চব্বিশ দিন ব্যাপী স্বল্প জীবনকালে তিনি যেমন তার কাজে, চিন্তায়, মননে শ্রেষ্ঠ দার্শনিক ও মহামানব হয়ে উঠেছেন, অন্যদিকে দীর্ঘরোগে প্রতিনিয়ত ভুগে প্রমাণ করেছেন, তিনি আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর মতোই একজন কমন হিউম্যান বিইং বা সাধারণ মানুষ।

কিন্তু আমাদের কাছে যা তথ্যপ্রমাণ আছে, তাতে স্বামীজির শরীরস্বাস্থ্য এত দুর্বল ও শক্তিহীন হওয়ার কথা নয়। ছেলেবেলা থেকেই বিবেকানন্দ ছিলেন দারুণ ডানপিটে। "প্রাণবন্ত নরেন্দ্রনাথ খেলাধুলা ও স্বাস্থ্যচর্চায় নিজেকে সারাক্ষণ

স্বামী বিকানন্দ সর্বসাকুল্যে উনচল্লিশ বছর বেঁচেছিলেন (১৮৬৩-১৯০২)। আধুনিক শিক্ষামনোবিদ্যার 'গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট' চ্যাপ্টারের আলোকে তিনি তাঁর জীবদ্দশায় মাত্র চারটি বিকাশস্তর কভার করতে পেরেছেন - শৈশবকাল, বাল্যকাল, কৈশোরকাল এবং প্রাপ্তবয়স্ক কাল। পরবর্তী স্তর পৌঢ় ও বার্ধক্যে তিনি আর পদার্পণ করতে পারেননি। বিবেকানন্দের স্বাস্থ্যের অনুসন্ধান আমরা এখান থেকেই শুরু করছি, তাহলে কি তিনি পৌঢ়ত্বের ক্রমঃবলহীনতা এবং বার্ধক্যের জরা ও ব্যাধি থেকে মুক্ত ছিলেন? এক কথায় উত্তর হল - না! পৌঢ়ত্ব ও বার্ধক্যে পদার্পণ না করলেও ক্ষণজন্মা এই মহামানব যৌবনের মধ্যগগনেই ব্যাধি ও অসুস্থতায় জর্জরিত হয়ে পড়েছিলেন। তার ভয়ঙ্কর স্বাস্থ্যহানি ঘটেছিল এবং এই রোগ-ব্যাধির আক্রমণ ও প্রকোপই তাঁর আয়ুষ্কালকে এতখানি সংক্লেপিত করেছিল।

বিবেকানন্দ যতই মহান দার্শনিক হন এবং আমরা তাকে যতই 'মহামানব' বলে মনে করি না কেন, স্বল্পকালের মধ্যে তিনি যে সমস্ত অসুস্থতায় ভুগেছিলেন এবং তার ফলে তাঁর অঙ্গহানি হওয়া থেকে শুরু করে মৃত্যুর কোলে ঢলে পড়া বিচার করলে, তাঁকে আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর থেকে আলাদা করা খুব মুশকিল।

স্বামীজী তাঁর সম্যাস জীবনেই বেশী রোগ-ব্যাধীর কবলে পড়েছেন। খাওয়া দাওয়ার কোন ঠিক ঠিকানা না থাকায়, কোনদিন একবেলা, কোনদিন আধবেলা, আবার কোনদিন সম্পূর্ণ উপবাস করে দিনের পর দিন কাটানো তাঁর ভারতদর্শনের পরিপূর্ণতা আনলেও স্বাস্থ্যের উপর তা ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল বলেই মনে হয়। অবশ্য শুধুমাত্র খাওয়া - দাওয়ার নিয়মানুবর্তিতার অভাবেই নয়, তাঁর রোগভোগ ও স্বাস্থ্যহানির জন্য আরও অনেক কারণ ছিল। তার মধ্যে পৈতৃক রোগব্যাধির উত্তরাধিকার যেমন ছিল, তেমনই ছিল জীবনশৈলীর কিছু ভ্রষ্ট বিচ্যুতি। এর মধ্যে উল্লেখযোগ্য হল ধূমপান ও অত্যধিক মানসিক চাপ (Mental Stress)।

তিনি সারাজীবন যে সব অসুখে ভুগেছিলেন, বিবেকানন্দের অনুরাগী গবেষকরা তার একটা তালিকা আমাদের সামনে তুলে ধরতে পেরেছেন। এর থেকে জানা যাচ্ছে, 'ডায়াবেটিস' যে রোগ বর্তমান বিশ্বের অন্যতম ভয়ঙ্কর ব্যাধির একটি, তা তিনি পেয়েছিলেন পারিবারিক সূত্রেই। তাঁর পিতা বিশ্বনাথ দত্ত এই রোগের প্রকোপেই মারা গিয়েছিলেন হৃদরোগে আক্রান্ত হয়ে। বিবেকানন্দের জীবনেও ঘটেছে সেই ঘটনা। যে সমস্ত রোগে বিবেকানন্দ সারাজীবন কখনো না কখনো ভুগেছিলেন তার একটি তালিকা গবেষক লেখক শংকর দিয়েছেন, তা হল মাথাব্যথা, টনসিল, ম্যালেরিয়া, সর্দিকাশি, শ্বাসকষ্ট (হাঁপানি), টাইফয়েড, নানারকম জ্বর, লিভারের অসুখ, উদরী (পেটে জল জমা হওয়া), পেটের গণ্ডগোল, ডায়রিয়া, ডিসপেপসিয়া, পাথুরি, লাম্বার ব্যাক পেন, ঘাড়ের ব্যাথা (স্পন্ডাইলোসিস), ব্রাইটিস ডিজিজ, কিডনির গলাযোগ, ড্রপসি বা শোথ (পা ফোলা), অ্যালুমিনিউরিয়া, রক্তাক্তক্ষু, দৃষ্টিহীনতা (একটি চোখে), ইনসোমনিয়া (নিদ্রাহীনতা), অকালে চুল দাড়ি পেকে যাওয়া, নিউরোসথেনিয়া (স্নায়ুরোগ), রাত্রে খাবার পর প্রচণ্ড গরম অনুভব করা, গরম সহ্য করতে না পারা, অল্পতেই ক্রান্ত হয়ে পড়া, সি-সিকনেস, সানস্ট্রোক, ডায়াবেটিস ও হৃদরোগ।

এই তালিকায় উচ্চ-রক্তচাপ (হাই ব্রাডপ্রেসার) -এর উল্লেখ নেই। কেন নেই? হয়তো গবেষকরা এর চলতি কথা হাইপ্রেসার শব্দটা তার লেখা ও চিঠিপত্রের কোথাও উল্লেখ পাননি। কিন্তু 'হাইসুগার' বেশিরভাগ ক্ষেত্রেই 'হাইপ্রেসারের' হাত ধরে থাকে এটা আমরা এখন ভালোই জানি। তাছাড়া তাঁর প্রচণ্ড 'নিদ্রাহীনতা', তিনি যে ভয়ঙ্কর 'সাইকোলজিক্যাল স্ট্রেস' -এ ভুগতেন, তার হাতেনাতে প্রমাণ। আর এই স্ট্রেস এবং হাইপ্রেসার একেবারে পরস্পরের জিগরি দোস্ত। এছাড়া তিনি কিছুটা সময় অ্যানিমিয়া বা রক্তহীনতায় ভুগেছেন বলেও মনে হয়। অল্পতেই ক্রান্ত হয়ে পড়া রক্তে হিমোগ্লোবিনের ঘাটতির অন্যতম লক্ষণ। তাছাড়া তার প্রচণ্ড গরম লাগা এবং দেহের ওজনের খুব দ্রুত হ্রাসবৃদ্ধির ঘটনা থাইরয়েডের সমস্যা কি না তা নিয়েও গবেষণার প্রয়োজন আছে।

সে যাই হোক, এত বড় তালিকার উল্লেখ এবং বিশ্লেষণ শুধু একটাই কারণে, যে তাঁর উনচল্লিশ বছর, পাঁচ মাস, চব্বিশ দিন ব্যাপী স্বল্প জীবনকালে তিনি যেমন তার কাজে, চিন্তায়, মননে শ্রেষ্ঠ দার্শনিক ও মহামানব হয়ে উঠেছেন, অন্যদিকে দীর্ঘরোগে প্রতিনিয়ত ভুগে প্রমাণ করেছেন, তিনি আর পাঁচটা সাধারণ বাঙালী বা ভারতবাসীর মতোই একজন কমন হিউম্যান বিইং বা সাধারণ মানুষ।

## যোগব্যায়ামে কি বৈজ্ঞানিক প্রক্রিয়া কাজ করে ?

অলোক সেন বর্মন



*About the author: Dr. Alope Sen Borman at present working as Assistant Professor in Physical Education in the Department of Physical Education, Seba Bharati Mahavidyalaya, Kaptari, Paschim Midnapur. He is an experience teacher in the field of physical education and worked as Guest Teacher at Panskura Banamali College, and he also served in different schools and institutes of West Bengal. In present writing he analyzed the science involves with Yogananas practice. Interested readers may contact with him through mail. Address: draloksenborman@gmail.com*

যোগ হল আমাদের মন, শরীর ও আত্মার মধ্যে মিলন এবং সার্বজনীন চেতনার সাথে আমাদের ব্যক্তিগত চেতনার চূড়ান্ত মিলন অর্জনের জন্য একটি সাইকো-সোম্যাটিক-অ্যাধ্যাত্মিক শৃঙ্খলা। প্রাণায়াম দুটি সংস্কৃত শব্দ থেকে এসেছে, যথা প্রাণ-যার অর্থ প্রাণশক্তি বা জীবন শক্তি ও আয়ামা - মানে দীর্ঘায়িত করা। ধ্যানের কৌশলগুলির মধ্যে একটি যার মধ্যে মনকে ধ্যানের শিক্ষক দ্বারা প্রদত্ত কয়েকটি শব্দের (যাকে একটি মন্ত্র বলা হয়) মধ্যে কোনো প্রচেষ্টা ছাড়াই জড়িত থাকতে দেওয়া। যদি মনোবোগ বিলাস হয় তবে এটি মস্তিষ্কে ফিরে না আসা পর্যন্ত বিচরণ করতে দেওয়া হয়। যখন একজন ব্যক্তি যোগব্যায়াম অনুশীলন করেন, যোগের মনোভাব (ধৈর্যের মনোভাব, অবিরাম অনুশীলন, নিজের মধ্যে বাধা অতিক্রম করা, অর্থাৎ অলসতা, জ্বালা, বিভ্রান্তি এবং অন্যদের থেকে আলাদা বা ভাল হওয়ার আকাঙ্ক্ষাকে প্রত্যাখ্যান করা), সেই সময়ে শারীরবৃত্তীয় বেশ কিছু পরিবর্তন হয়।

যোগ ব্যায়ামের সময় পেট সংকোচন এবং প্রসারণ প্রসারিত হওয়ার কারণে অগ্ন্যাশয়ের কোবের পুনর্জীবন, বা এনজাইমেটিক প্রক্রিয়ার মাধ্যমে পেরিফেলার টিস্যু, লিভার এবং অ্যাডিপোজ টিস্যুতে গ্লুকোজের ব্যবহার এবং বিপাক বৃদ্ধি করতে পারে। হাইপো-পিটুইটারি-অগ্ন্যাশয় অক্ষে পরিবর্তন আনতে নিউরোপ্লাস্টিসিটির সম্ভবনা থাকে। পেশীর শিথিলতা, বিকাশ এবং পেশীতে রক্ত সরবরাহের উন্নতি, পেশীতে ইনসুলিন রিসেপ্টর এক্সপ্রেশন বাড়তে পারে যার ফলে পেশীর দ্বারা গ্লুকোজ গ্রহণ বৃদ্ধি পায় এবং এইভাবে রক্তে শর্করার পরিমাণ হ্রাস পায়। যোগের পরে লিপিড স্তরের উন্নতি সেলুলার স্তরের হেপাটিক লাইপেজ এবং লাইপোপ্রোটিন লাইপেজ বৃদ্ধির কারণে হতে পারে, যা লিপোপ্রোটিনের বিপাকে প্রভাবিত করে এবং এইভাবে অ্যাডিপোজ টিস্যু দ্বারা ট্রাইগ্লিসারাইড গ্রহণ বৃদ্ধি করে।

যোগব্যায়ামের ভঙ্গিগুলি অগ্ন্যাশয়ের বি-কোষগুলি গ্লুকোজ সংকেতের সংবেদনশীলতার উন্নতি ঘটতে পারে এবং ইনসুলিন সংবেদনশীলতার উন্নতি ভঙ্গিগুলি সম্পাদনের ক্রমবর্ধমান প্রভাবের কারণে হতে পারে। ভঙ্গি দ্বারা অগ্ন্যাশয়ের সরাসরি উদ্দীপনা ইনসুলিন উৎপাদন করার ক্ষমতাকে পুনরুজ্জীবিত করতে পারে। অগ্ন্যাশয়ের বিটা কোবের পুনরুদ্ধান যোগ ব্যায়ামের মাধ্যমে ঘটতে পারে যা অগ্ন্যাশয়ের অঞ্চলে রক্ত সঞ্চালনকে উন্নীত করে এবং যোগাসন বা অগ্ন্যাশয়ের মেরিডিয়ানকে উদ্দীপিত করে তাও কিছু ডায়াবেটিস রোগীদের সাহায্য করতে পারে। প্রাণায়াম অনুশীলন করে ফুসফুসের টিস্যুকে প্রসারিত করে যা ধীরে ধীরে অভিযোজিত রিসেপ্টর এবং হাইপারপোলারাইজিং স্রোতের ত্রিফা থেকে প্রতিরোধক সংকেত তৈরি করে। কার্ডিওরেসপিরেটরি অঞ্চল থেকে আসা এই বাধা সংকেতগুলি মস্তিষ্কের স্নায়ু উপাদানগুলিকে সুসংগত করে বলে বিশ্বাস করা হয় যা স্বায়ত্তশাসিত স্নায়ুতন্ত্রের পরিবর্তনের দিকে পরিচালিত করে, এবং বিপাক এবং প্যারাসিমপ্যাথেটিক আধিপত্য হ্রাস দ্বারা চিহ্নিত করা যায়। প্রাণায়াম শরীরে নতুন হোমিওস্ট্যািসিস আনার জন্য বিভিন্ন স্ফীত এবং ডিফ্ল্যাটরি ফুসফুসের প্রতিচ্ছবি পরিবর্তন করে এবং কেন্দ্রীয় নিউরাল উপাদানের মাধ্যমে প্রভাবিত বলে মনে হয় এবং এর ফলে ব্রেনস্টেমের স্বায়ত্তশাসিত কেন্দ্রগুলির সাথে যোগাযোগ করে। এইভাবে কার্ডিওরেসপিরেটরি এবং বিপাকীয় পরামিতিগুলিকে প্রভাবিত করে। উচ্চতর মেলাটোনিন মাত্রা এমন একটি প্রক্রিয়া হতে পারে যার মাধ্যমে দাবি করা স্বাস্থ্য প্রচার ধ্যানের প্রভাব ঘটতে পারে। দীর্ঘমেয়াদী ধ্যানের শারীরবৃত্তীয়

সম্পর্কগুলি জানার জন্য পরিচালিত একটি গবেষণায়, গবেষকরা মস্তিষ্কের ডান অরবেটো-ফ্রন্টাল কর্টেক্স, ডান থ্যালামাস এবং বাম টেম্পোরাল গাইরাসে ধ্যানকারীদের মধ্যে উল্লেখযোগ্যভাবে ধূসর পদার্থের পরিমাণ বৃদ্ধি খুঁজে পেয়েছেন।

শ্বাস নিয়ন্ত্রণ, মননশীলতা এবং অঙ্গবিন্যাসের রক্ষণাবেক্ষণের মতো বৈশিষ্ট্যগুলি এমন কিছু উপাদান যা প্যারাসিম্পেথোটিক স্নায়ুতন্ত্রের সক্রিয়করণের জন্য দায়ী এবং তাই যোগব্যায়াম অনুশীলনকে শারীরিক অনুশীলন থেকে আলাদা করে। মাইন্ড বডি ইন্টারভেনশনস (এমবিআই) -এর ইতিবাচক প্রভাবগুলি রোগীদের সামগ্রিক সুস্থতা এবং জীবনযাত্রার মান উন্নত করে, তাদের মানসিক যন্ত্রণা হ্রাস করে, ঘুমের ধরণ উন্নত করে এবং একটি ইতিবাচক মানসিক অবস্থা তৈরি করে। এছাড়াও এটি তাদের ব্যাথার তীব্রতাও হ্রাস করে। যোগব্যায়াম হল মননশীলতা-ভিত্তিক চাপ হ্রাস এবং শিথিলকরণ কৌশলগুলির একটি সম্পূর্ণ প্যাকেজ যা একটি সু-সংজ্ঞায়িত সাইকো-নিউরোএন্ডোক্রাইন পথের মাধ্যমে কাজ করে। বিভিন্ন চাপ সৃষ্টিকারী রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস করে এবং সমস্ত গুরুত্বপূর্ণ ব্যবস্থার স্বাস্থ্য রক্ষা করতে ব্যর্থ হয়। সি.এন.এস. -এর কার্টিকাল অঞ্চল হল সচেতনতা, চেতনা এবং শ্বাস-প্রশ্বাস নিয়ন্ত্রণ সহ সমস্ত স্বেচ্ছাসেবী মনো - শারীরবৃত্তীয় ক্রিয়াকলাপের আসন, যার ফলে নিউরো-হিউমোরাল প্রতিক্রিয়ার মড্যুলেশন হয় এবং সর্বোত্তম স্বাস্থ্যের জন্য সমস্ত শারীরবৃত্তীয় ব্যবস্থার হোমিওস্ট্যাসিস অর্জিত হয়। মস্তিষ্কের ক্রিয়াকলাপ থেকে উদ্ভূত স্ট্রেস প্রতিক্রিয়ার সাইকোফিজিওলজিকাল দিকগুলি হাইপোথ্যালামিক-পিটুইটারি-অ্যাড্রিনাল (এইচপিএ) অক্ষের ক্রিয়াকলাপের উপর প্রতিফলিত হয়। এইচপিএ অক্ষ হল হাইপোথ্যালামিক, পিটুইটারি, অ্যাড্রিনাল অক্ষ, যা একটি কেন্দ্রীয় চাপ প্রতিক্রিয়া ব্যবস্থা নিয়ে গঠিত। যেহেতু বেশিরভাগ মোটর কমান্ডগুলি এইচপিএ অক্ষ এবং অন্যান্য অন্তঃপ্রাণী ক্রিয়াকলাপের মাধ্যমে চালিত হয়, তাই মটোর কমান্ডগুলি মস্তিষ্কের স্টেম এবং রেটিকুলার অ্যাক্টিভেটিং সিস্টেমের মাধ্যমে এইচপিএ অক্ষের মধ্যে প্রচারিত হয়। সুতরাং, অচেতন অবস্থার কাজ করার এইচপিএর চাপ সম্পর্কিত প্রভাবগুলি নিউরো-এন্ডোক্রাইন অক্ষকে সংশোধন করতে পারে, যা ইমিউন সিস্টেমকে প্রভাবিত করে। এইচপিএ হাইপারাকটিভিটি সেলুলার অক্সিডেটিভ স্ট্রেস বাড়ানোর পূর্বাভাস দেয়। যোগব্যায়াম হাইপোথ্যালামাসের পশ্চাৎ বা সহানুভূতিশীল অংশকে বাধা দেয়, এইভাবে, চাপপূর্ণ উদ্দীপনার প্রতি শরীরের সহানুভূতিশীল প্রতিক্রিয়াগুলিকে অনুকূল করে এবং চাপের সাথে সম্পর্কিত স্বাস্থ্যশাসিত নিয়ন্ত্রক প্রতিচ্ছবি প্রক্রিয়া পুনরুদ্ধার করে। আমরা জানি যে হাইপোথ্যালামাস এবং লিম্বিক সিস্টেম সংবেদনশীল অভিব্যক্তির সাথে ঘনিষ্ঠভাবে জড়িত। যোগ অনুশীলন ভয়, আগ্রাসন এবং ক্রোধের জন্য দায়ী কেন্দ্রগুলিকে বাধা দেয় মস্তিষ্কের মধ্যবর্তী অগ্রভাগ এবং অন্যান্য কেন্দ্রগুলিকে উদ্দীপিত করে, যা আনন্দ দেয় এবং আনন্দের অনুভূতির সৃষ্টি করে। এর ফলে যোগব্যায়াম এবং ধ্যান অনুশীলনকারী ব্যক্তিদের মধ্যে উদ্বেগ, হৃদস্পন্দন, শ্বাস-প্রশ্বাসের হার, রক্তচাপ কম হয়। যোগব্যায়াম অনুশীলনগুলি সম্ভবত হাইপোথ্যালামাসের প্যারাসিম্পটিকুলার নিউক্লিয়াসের ক্রিয়াকলাপকে বাধা দেয়, যার ফলস্বরূপ পূর্ববর্তী পিটুইটারি গ্রন্থিকে কম এসিটিএইচ উৎপাদন করতে হয়। এসিটিএইচ -এর হ্রাস অ্যাড্রিনাল গ্রন্থি থেকে কর্টিসলের সংশ্লেষণ হ্রাস করে। যোগব্যায়াম স্ট্রেস মধ্যস্থ ইমিউন প্রতিক্রিয়াগুলির উপর একটি বাফারিং অ্যাকশনের সৃষ্টি করে, কার্ডিও-ভ্যাগাল টোন বজায় রাখে এবং প্যারাসিম্পেথোটিক ও সহানুভূতিশীল-অ্যাড্রিনাল স্নায়ুতন্ত্রের মধ্যে একটি হোমিওস্ট্যাসিস বজায় রাখে।

উপসংহারে এটি বলা যায় যে, মানব শারীরবৃত্তের উপর যোগের আচরণগত অনুশীলনের (যেমন- ধ্যান, যোগ আসন, প্রণায়াম ইত্যাদি) নিয়ন্ত্রণকারী প্রভাবগুলিকে চারটি বিভিন্ন পদ্ধতিতে পাথওয়েতে শ্রেণীবদ্ধ করা যেতে পারে : হিউমোরাল ফ্যাক্টর, স্নায়ুতন্ত্রের ক্রিয়াকলাপ, কোষীয়স্তরে পরিবর্তন, এবং জৈব-বৈদ্যুতিন চৌম্বকীয়তা। যাই হোক, এসব তথ্য থেকে নিশ্চিতভাবে বলা যায় যোগের একটি বৈজ্ঞানিক ভিত্তি আছে।

### Reference:

1. Lazar SW, Kerr CE, Wasserman RH, Gray JR, Greve DN, Treadway MT, Meditation experience is associated with increased cortical thickness. *Neuroreport*. 2005; 16:1893-7.

2. Patel NJ, Atti V, Mitrani RD, Viles-Gonzalez JF, Goldberger JJ. Global rising trends of atrial fibrillation: A major public health concern. *Heart*. 2018; 104:1989–90.
  3. Hölzel BK, Carmody J, Vangel M, Congleton C, Yerramsetti SM, Gard T, et al. Mindfulness practice leads to increases in regional brain gray matter density. *Psychiatry Res*. 2011; 191:36–43.
  4. Vestergaard-Poulsen P, Van Beek M, Skewes J, Bjarkam CR, Stubberup M, Bertelsen J, Long-term meditation is associated with increased gray matter density in the brain stem. *Neuroreport*. 2009; 20:170–4.
  5. Gianaros PJ, Jennings JR, Sheu LK, Greer PJ, Kuller LH, Matthews KA. Prospective reports of chronic life stress predict decreased grey matter volume in the hippocampus. *Neuroimage*. 2007; 35:795–803.
-

## উই তার এইট অন্ দ্য বোর্ট

গোপা সাহা রায়



*About the author: Dr. Gopa Saha Roy is an ideal teacher of Physical Education. At present, she is working as Associate Professor and HDO, Dept. of Physical Education, University of Burdwan. She also extended her service as coach and sport manager. In the present writing she share her own life experience and pain. Interested readers may reach to Dr. Saha Roy through the mail : gopassharoy@gmail.com*

বাবার মৃত্যুর ৭ বছর পর আবার তোমাকে নিয়ে লিখতে বসে বার বার ভাবছি, আমাকে এবারের মৃত্যুটাও মেনে নিতে হবে। হৃদয় থেকে বলছি, পৃথিবী ছেড়ে চলে একদিন যেতেই হবে সকলকে, কিন্তু যেখানে অপূর্ণতা থাকে, সেখানে তা মানা যায় না। আমাদেরকে বাবাও কিছু বলে যায়নি, তুমিও সব কাজ অসমাপ্ত অবস্থায় রেখে অন্ধ মেয়েটাকে একা করে চলে গেলে। তোমার স্নেহের পরশে ওর প্রাণ ছিল, আজ তো তোমার অনুপস্থিতিতে ভাই বউ এর প্রসাদ ওর কাছে কতটা সুখকর তা আর নাইবা লিখলাম।

বাবার শেষ যাত্রার অভিজ্ঞতা আমার ছিল না, কারণ আমার সন্তানরা ছিল ছোট। আজ তোমার শেষ যাত্রায় আমি আর বড়দিদি নিশিবাঙ্গী। কত রাত বারোট্টা এমন জীবনে বয়ে গেছে কিন্তু আজকের রাত বারোট্টায় তোমাকে মৃত অবস্থায় নার্সিংহোমের মানুষগুলো আমাদেরকে তুলে দিল। চারিদিকে করোনার ভয়াবহ অবগুষ্ঠন উন্মোচন করে, সব নিয়ম মাথায় তুলে রেখে, তোমাকে একবার নিয়ে এসেছিলাম অ্যান্ডুলেসে করেই তোমার চিরকালের একান্ত আপন বাড়িটাতে। কত স্নেহ মমতায় তা যেন জড়ানো ছিল, সব আজ সবার, কিন্তু তোমার নয়! এর জন্য কত অনুনয় বিনয় করেছি, ওটা ভাইকে লিখে দাও। আসলে তোমরা অনেক বুদ্ধিমান, আমাদেরকে ভ্রাতৃত্ব বন্ধন থেকে ছিঁড়তে চাও না, তাই না? মা আজ কেউ নেই বলার; একটা দমকা হাওয়া মিটিয়ে দিচ্ছে সব হিসেব, সব চাওয়া পাওয়া।

রাত সাড়ে বারোট্টার পরম শান্তির বিছানায় তোমাকে নিয়েই এগিয়ে গেলাম মহাশ্মশানে! নাই চন্দন, নাইকো সোনার স্পর্শ, নাই গো তুলসী, নাইকো কোন চোখের জল, নাই কোন কান্নার শব্দ! শুধু বুক ভরা হাহাকার, আর মুদুমন্দ বাতাস বয়ে নিয়ে তোমাকে তোমার ভালোলাগা শাড়ির আড়ালে জড়িয়ে বিদায় দিল এই প্রাচীন দণ্ডায়মান বাড়িটা। তোমাকে শুয়েই রেখেছিলাম শ্মশানে। ব্রাহ্মণ যৎসামান্য সময়ের মধ্যেই তার ক্রিয়াকর্ম সারলেন। তোমাকে নির্ভুর অপরাধী মানুষজনেরা তুলে দিল আধুনিক চুল্লিতে। ভাবলাম চিৎকার করে একবার ডাকি, 'মা...' বলে! তাও যেন বুকের মাঝে আছড়ে পড়ে হৃদয় দরজা বন্ধ করে দিল। তখন ঘড়িতে ১.৫৫ মিনিট। মনে পড়ল সেই বিখ্যাত গান "চিতাতেই সব শেষ"। শ্মশানের পরম শান্তি, কেউ কোথাও নেই, আমরা ৭জন শুধু। ঠিক ২.৫৫ মিনিটে ছ হ করে জ্বলে উঠেছিল তোমার চিতা, তোমার নীরব আর্তনাদ পৌঁছে গিয়েছিল শহর ভেদ করে আমার ভাই বউয়ের আকাঙ্ক্ষা পূরণ করতে। দূর হয়েছিল ওর জ্বালা-যন্ত্রণা, নাকি জানি না? যখন ট্রেতে করে তোমার শেষ চিতা ভস্ম নাভি সহ ভস্মুর কতগুলি হাড় দিল আমাদের তখন বড় জামাইবাবু বলল, "এই দেখো উপরে আকাশে তোমাদের মা তারা হয়ে হাসছে!" সত্যিই আমি তোমার সেই করুন হাসি, আর তোমার হাতছানি দেখে আর একবার বাবাকে বললাম, 'আজ তুমি শুধু খুশি তো বাবা? তোমার সঙ্গিনীকে আমরা পাঠালাম'। জানি না বাবা তোমাকে গ্রহণ করেছিল কিনা!

দামোদরের ব্রিজের উপর দাঁড়িয়ে আছি, ঝড়ো বাতাস যেন ধুয়ে মুছে দিল সব পাপ! সিন্ধু হলাম ঠিকই, কিন্তু হতাশার বেশে যেন সেজে উঠলাম। ভাইটা তোমার নাভিকুণ্ড দামোদরের জলে ভাসিয়ে ডুব দিয়ে জানি না কতটা তোমার কাছে ক্ষমার হিসেব মিটালো। আর একবার অমন বেশে গুকে দেখে আঁতকে উঠে শুধু বললাম, "মাগো গুকে দ্বিগুনশক্তি দিও জীবন যুদ্ধে লড়াই করার জন্য"।

ঠিক তোমাকে বিদায় দিয়ে আসার পরপরই একগুচ্ছ বিশিষ্ট ব্যক্তিবর্গ বিদায় নিল পৃথিবীর রঙ্গমঞ্চ থেকে। কেউ অভিনেতা, কেউ ছিল দ্বিগবিজয়ী খেলোয়াড়! কিন্তু সবার প্রয়াণব্যথা ছাপিয়ে প্রতি রাত আমাকে কাঁদায়, চোখের পাতা এক হয় না। কত কিছুর মাঝে তোমাকে খুঁজে বেড়াই পাগলের মতো, আর প্রশ্নে প্রশ্নে হৃদয় জর্জরিত হয়ে যায়। উত্তর মেলে না, কারণ প্রশ্নগুলি দুই সরলরেখায় চলে, তা অসীম অনন্ত! জানি না আমি উত্তর পাবো কিনা কোনদিন। কত দিন কত ভিড়ের মাঝে বাবার স্মৃতি খুঁজে মরেছি, পাইনি বাবাকে। তুমিও কি অভিমান করে লুকিয়ে থাকবে বাবারই মতো?

একটু একটু করে দু-সপ্তাহ হয়ে গেল। জানি না ভাইটা তোমার শেষ কার্য সমাপনের মধ্যে দিয়ে কতটা হিসেব মেটালো, তবে এটা বুঝেছি ভাই বউয়ের পরম শাস্তি মিলেছে। সেটা ওর হাসির ছটায় ধরা পরে। কিন্তু গলার কাঁটা হয়ে রইল মাথবী। বাবা বলতেন যার যত দিন ভোগ, তাকে ততদিন পৃথিবীতে থাকতে হবে। মা, তোমার লেখার সাথে আজ মাথবীকে হারিয়ে আবার আট মাসের মাথায় যেন পাহাড় ভেঙে পড়ল। কী ভীষণ জ্বালা-যন্ত্রণা যে ওকে ভাই বউ দিয়েছে। তা ভাষায় লেখা সম্ভব নয়। ৯ই অক্টোবর ২০২১ এমন অবস্থায় ওকে কান্না করতে দেখেছি আমার কথা বন্ধ হয়ে গিয়েছিল। শুধু বললাম, “ও তোর বড় বোন, এভাবে না মারলেই পারতিস”।

মোহরকে জন্মদিনে সব দিয়ে, সেই যে বাড়ি থেকে বেড়িয়ে এসেছিলাম আমি, আর কোনদিন যাইনি। মাথবীর মৃত্যুর সময় নিজে হাতে ওকে বিদায় জানিয়েছি, কিন্তু ওর কাজে উপস্থিত থাকিনি। এ ব্যাথা মেনে নিতে পারব না! ও যে নেই, এটা মনে পড়লে আজও কান্নায় ভেঙে পড়ি। সে আমার হৃদয়ে গাঁথা রইল, চীরদিনের জন্য। তাই এখনো কেউ জিজ্ঞাস করলে আজও বলি, “উই আর এইট অন্ দা বোট”।



## Widening Horizon of Women Sports

Neetu Dutta



